

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
অর্থ অধিশাখা  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dyd.gov.bd; যুউঅ.বাংলা

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০৬.০২.১০১.১৯.৩৬০

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬  
০৪ ডিসেম্বর ২০১৯

বিষয়: জনাব মোঃ মোশাররফ হোসেন, ক্রেডিট সুপারভাইজার এর জিপিএফ হতে অগ্রিম উত্তোলনের মঞ্জুরি।

যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কালিয়াকৈর উপজেলা কার্যালয়ের ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ মোশাররফ হোসেন বিশ্বাস এর ২০১৮-২০১৯ অর্থ বছরের সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং-যুব/হরিণা/৪১ এ জমাকৃত ১৩,২২,৩৫০/- (তের লক্ষ বাইশ হাজার তিনশত পঁঞ্চাশ) টাকা হতে গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের উদ্দেশ্যে প্রার্থিত ১০,৫০,০০০/- (দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি ১৩ (৯) ও (১০) মোতাবেক অফেরৎযোগ্য অগ্রিম উত্তোলনের মঞ্জুরি জ্ঞাপন করছি। তাঁর বর্তমান মূল বেতন ৩৭,৫১০/- টাকা। মঞ্জুরীকৃত ১০,৫০,০০০/- (দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা যা তাঁর সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকার ৮০% এর উর্ধ্বে নয়। এস,এস,সি সনদ ও জাতীয় পরিচয় পত্র অনুযায়ী তাঁর জন্ম তারিখ ০২/০৭/১৯৬৩খ্রিঃ এবং তিনি সে মোতাবেক ৫২(বায়ান্ন) বৎসর বয়স অতিক্রম করেছে।

এ আদেশ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) তারিখঃ ১- ৫-১৪২২ বঙ্গাব্দ /১৬-৮-২০১৫ খ্রিস্টাব্দ এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং.০৫১.০০২.০১.০০.০০৬.২০১৫-৩৫৯ তারিখ ২২/০৮/১৬খ্রিঃ মোতাবেক জারি করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

৯-১২-২০১৯

আ.ন.আহম্মদ আলী  
পরিচালক

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা  
কালিয়াকৈর, গাজীপুর।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০০৬.০২.১০১.১৯.৩৬০/১

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬  
০৪ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর
- ২) সহকারী পরিচালক, আইসিটি অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর
- ৪) জনাব মোঃ মোশাররফ হোসেন,, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর

৯-১২-২০১৯

মোঃ শাহাদাত হোসেন  
নিরিক্ষা ও হিসাব রক্ষণ অফিসার